



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

২৭শে সেপ্টেম্বর, ২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

শিশু সাগর মিয়াকে পিটিয়ে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ ও সংশ্লিষ্ট ঘটনার সুষ্ঠু তদন্তসহ দায়ী ব্যক্তিদের শাস্তি প্রদানের জোরালো দাবী জানাচ্ছে ব্লাস্ট।

ময়মনসিংহের গৌরীপুরে শিশু সাগর মিয়াকে (১৬) শারীরিক নির্যাতনসহ পিটিয়ে হত্যার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করেছে ও তীব্র নিন্দা জানাচ্ছে। সংস্থাটি এ ঘটনায় জড়িত দোষী ব্যক্তিদের যথাযথ বিচার ও শাস্তি দাবী করেছে।

ময়মনসিংহের গৌরীপুর উপজেলার ডৌহাখলা ইউনিয়নের চরশ্রীরামপুর গ্রামে পানির পাম্প চুরির অভিযোগে শিশু সাগর মিয়াকে শারীরিক নির্যাতন সহ পিটিয়ে হত্যার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

সংবাদ মাধ্যম ও সামাজিক প্রচার মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায়, গত ২৫ শে সেপ্টেম্বর ২০১৭ সোমবার ময়মনসিংহের গৌরীপুর উপজেলার ডৌহাখলা ইউনিয়নের চরশ্রীরামপুর গ্রামে পানির পাম্প চুরির অভিযোগে সাগরকে পিটিয়ে নির্মমভাবে হত্যা করা হয়েছে। নিহত সাগর ময়মনসিংহের নাটকঘর লেন রেলওয়ে বাড়ির শিপন মিয়ার ছেলে।

সংবাদপত্রে প্রকাশিত তথ্য থেকে জানা যায়, চর শ্রীরামপুর গ্রামে ময়মনসিংহ-কিশোরগঞ্জ মহাসড়কের পাশে গাউছিয়া মৎস্য প্রজনন কেন্দ্রের কাশবনে পানির পাম্প চুরির চেষ্টাকালে সোমবার ভোর ৬ টার দিকে সাগরকে আটক করে হ্যাচারীর মালিক আক্লাছ আলী। এরপর আক্লাছ আলী ও তার লোকজন সাগরকে গাছে ও সিমেন্টের খুঁটিতে বেঁধে নির্মমভাবে পেটাতে থাকে। এতে সে কয়েকবার জ্ঞান হারিয়ে ফেলে। এ সময় পানি খেতে চাইলেও তাকে পানি দেওয়া হয়নি। পরবর্তীতে তার মৃত্যু হয়।

কোন শিশুকে এই ধরনের নির্যাতন ও হত্যা করার ঘটনা কোন নাগরিকের বাংলাদেশের সংবিধানে বর্ণিত ২৭, ৩১, ৩২ ও ৩৫ (৫) অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। বিশেষভাবে বাংলাদেশের সংবিধানে ৩৫(৫) অনুচ্ছেদ অনুযায়ী কোনো ব্যক্তিকে নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দণ্ড দেয়া যাবে না। শিশু আইন ২০১৩ এর ৭০ ধারা অনুযায়ী শিশুদের প্রতি শারীরিক ও মানসিক নিষ্ঠুর আচরণ শাস্তিযোগ্য অপরাধ। দণ্ডবিধি বা পেনাল কোড ১৮৬০; নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০(সংশোধনী ২০০৩) অনুযায়ী তা দণ্ডনীয় ও শাস্তিযোগ্য অপরাধ। বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এই ঘটনার সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে। ভবিষ্যতে এ ধরনের নির্যাতনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে জনমত গঠনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ব্লাস্ট জোর দাবী করেছে। উল্লেখ্য, ব্লাস্ট আইনজীবী ও বার এসোসিয়েশনের সহযোগিতায় শিশু সাগরের পরিবারকে প্রয়োজনীয় আইন সহায়তা প্রদান করবে। এ বিষয়ে যে কোন সহযোগিতা প্রদানে আগ্রহী ব্যক্তিগণকে ময়মনসিংহ ব্লাস্ট অফিসে (এডভোকেট আবুল কাশেম মুসা, সমন্বয়কারী, ময়মনসিংহ ইউনিট, ব্লাস্ট মোবাইল ০১৭১৬৭১৭৭৫৫) যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে।

বার্তা প্রেরক:

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)